

কক্সবাজার জেলার অন্তর্গত বঙ্গোপসাগরের কোল ঘেঁষে অবস্থিত একমাত্র পাহাড়ি দ্বীপ মহেশখালী। এ দ্বীপে রয়েছে বাংলাদেশের অর্থনৈতিক কর্মকাণ্ডের বিপুল সম্ভাবনা। দ্বীপের প্রধান আকর্ষণ ঐতিহ্যবাহী মিঠাপান, লবণ, সামুদ্রিক শুটকী ও ব্ল্যাক গোল্ড (বাগদা চিংড়ী) যা বাংলাদেশের অর্থনীতিতে ব্যাপক অবদান রেখে আসছে। এখানে বসবাসরত রাখাইন সম্প্রদায়ের বিশাল তাঁতশিল্প নানান বর্ষময় নক্সা, বুনন নৈপুণ্য মহেশখালীর ঐতিহ্যকে আরও সমৃদ্ধ করে তুলছে। তাছাড়া প্রস্তাবিত গভীর সমুদ্র বন্দর এ দ্বীপের অপার সম্ভাবনাকে হাতছানি দিয়ে ডাকছে। এই সম্ভাবনাকে যথাযথ কাজে লাগানোর জন্য প্রয়োজন যোগ্য নেতৃত্ব এবং সুশিক্ষিত জনগোষ্ঠি। কিন্তু ভাগ্যের নির্মম পরিহাস জাতীয় নেতৃত্বে, শিক্ষাদীক্ষায় ও অর্থনৈতিকভাবে আমরা এখনো অনেক পিছিয়ে। এই নিখাত সত্যকে স্বীকার করে জাতীয় নেতৃত্ব সৃষ্টি করতে হলে শিক্ষাকে অগ্রাধিকার দিতে হবে। একথা সর্বজনস্বীকৃত যে, শিক্ষা মানুষের জন্মগত অধিকার। পূর্ণরূপে মানুষ হয়ে উঠার প্রধান ও একমাত্র অবলম্বন হলো শিক্ষা। শিক্ষাই মানুষকে যথার্থ মনুষ্যত্ব দান করে। অতএব, শিক্ষা অপেক্ষা আর কি অমূল্য সম্পদ মানুষের জীবনে থাকতে পারে? শিক্ষাই মানুষকে আপন আলোয় আলোকিত করে; যে আলো মানুষের মধ্যে অনাবিল প্রশান্তির পরশ বুলিয়ে দেয়। শিক্ষার মূল উদ্দেশ্যই হচ্ছে মানুষের মনের মুক্তি, চিন্তের ব্যক্তি, ব্যক্তিত্বের প্রসার, জাতীয়তা বোধের উন্মেষ, আন্তর্জাতিকতাবোধ ও সর্ব মানবের সঙ্গে সম্প্রীতির ভাব; প্রকৃতির সঙ্গে মানুষের নিবিড় সম্পর্ক স্থাপন। এই শিক্ষাকে প্রাতিষ্ঠানিকভাবে কার্যকর করে তুলতে প্রয়োজন সর্বস্তরের জনগণের সক্রিয় অংশগ্রহণ।

এই প্রবন্ধ সত্যকে উপলব্ধি করে “দর্পন বিজনেস কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড” প্রথম বারের মত আয়োজন করতে যাচ্ছে প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের জন্য “দর্পন মেধা বৃত্তি-২০১৪”। এই অনিন্দ সুন্দর প্রয়াসকে বাস্তব রূপদানের লক্ষ্যে আপনার সার্বিক অংশগ্রহণ ও সহযোগিতা আমাদের অগ্রযাত্রাকে আরও শানিত করবে।